

Telephone Conversation between PM and Prime Minister of Spain

April 04, 2020

ভারতের প্রধানমন্ত্রী এবং স্পেনের প্রধানমন্ত্রী মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 04,2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী স্পেন সরকারের মহামান্য রাষ্ট্রপতি(প্রধানমন্ত্রী সমতুল্য) পেড্রো স্যাঞ্জেজ প্রেজ-ক্যাষ্টেজন,-এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছিলেন। দুই নেতা কোভিড 19 অতিমারির বিশ্বব্যাপী চ্যালেঞ্জের বিষয় নিয়ে আলোচনা করেছেন।

স্পেনের বিয়োগান্তক জীবনহানীর জন্য প্রধানমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন এবং যারা এখনও এই রোগের জন্য কষ্টভোগ করছেন তাদের দ্রুত আরোগ্য প্রার্থনা করেছেন। স্পেনের বীরোচিত প্রচেষ্টায় ভারতের ঐক্যবদ্ধভাবে পাশে দাড়ানোর বিষয়ে প্রধানমন্ত্রী স্পেনিয় সম্মানীয় ব্যক্তিকে আশ্বাস দিয়েছেন এবং জানিয়েছেন যে, তার সর্বাধিক ক্ষমতা সহ সহযোগিতার হাত বাড়িয়ে দেবার জন্য প্রস্তুত থাকবেন।

বিশ্বব্যাপী স্বাস্থ্য সংকটের বিরুদ্ধে লড়াই করার জন্য আন্তর্জাতিক সহযোগিতার গুরুত্বের বিষয়ে দুই নেতা সহমত হয়েছেন। কোভিড পরবর্তী যুগে প্রধানমন্ত্রীর বিশ্বে মানব-কেন্দ্রিক বিশ্বায়নের প্রয়োজনীয়তার দৃষ্টিভঙ্গীর সাথে স্পেনের প্রধানমন্ত্রী একমত হয়েছেন।

অতিমারির জন্য গৃহবন্দী মানুষের মানসিক এবং শারীরিক স্বাস্থ্য ঠিক রাখাকে সুনিশ্চিত করার জন্য সহজগম্য উপায়, যোগা এবং ঐতিহ্যবাহী ভেষজ ওষুধের উপযোগিতার বিষয়ে উভয়ে সহমত হয়েছেন।

তারা সহমত ব্যক্ত করেছেন যে, কোভিড 19 পরিস্থিতি এবং তার থেকে উদ্ভূত চ্যালেঞ্জ ও প্রয়োজনীয়তা সম্পর্কে তাদের দলগুলি নিয়মিত যোগাযোগ রেখে চলবেন।

নিউ দিল্লি

এপ্রিল 04,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.